

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
পরিকল্পনা ও উন্নয়ন শাখা-১
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

বিষয়ঃ ভূমি মন্ত্রণালয়ের আওতাধীন বিভিন্ন সংস্থা কর্তৃক প্রকল্পের মাধ্যমে প্রস্তুতকৃত সফটওয়্যারসমূহের মধ্যে সমন্বয় সাধনপূর্বক Interoperability নিশ্চিতকরণার্থে একটি সফটওয়্যার তৈরী / উন্নয়নের বিষয়ে অনুষ্ঠিত দিনব্যাপী কর্মশালার কার্যবিবরণী।

সভাপতি ও মূখ্য সঞ্চালকঃ জনাব মোঃ আব্দুল জলিল
সচিব, ভূমি মন্ত্রণালয়।
তারিখঃ ০৩-০৩-২০১৮ খ্রিঃ
সময়ঃ সকাল ১০.০০ ঘটিকা।
স্থানঃ ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের সম্মেলন কক্ষ।

সভায় উপস্থিত ব্যক্তিবর্গের তালিকা (পরিশিষ্ট – 'ক')

২। কর্মশালার শুরুতেই সকলকে স্বাগত জানিয়ে উপস্থিত সকল অংশগ্রহণকারীদের আজকের আলোচনার বিষয় সম্পর্কে ধারণা প্রদান করা হয়। সভায় জানানো হয় যে, বাংলাদেশ চলতি বছরের মার্চ মাসের মধ্যেই উন্নয়নশীল দেশের কাতারে যুক্ত হতে যাচ্ছে। এ ক্ষেত্রে বেশ কিছু বিষয়ে উন্নয়ন ঘটাতে হবে, তার মধ্যে ভূমি ব্যবস্থাপনার আধুনিকায়ন অন্যতম যা এখনো পিছিয়ে রয়েছে। এ লক্ষ্যে সরকারের বিভিন্ন দপ্তর যে কাজ করছে ঐগুলোকে একত্রিত করে একটি সমন্বিত ভূমি সেবা কাঠামো তৈরী করে ২০১৯ সালের ডিসেম্বরের মধ্যে ভূমি সেবা সবার মাঝে পৌঁছে দিতে হবে। ইতোমধ্যে ভূমি মন্ত্রণালয়ে বাস্তবায়নাধীন District Record Room (DRR), ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত একাধিক প্রকল্পের সাহায্যে প্রস্তুতকৃত Digital Land Management System (DLMS), Integrated Digital Land Record System (IDLRS), প্রধানমন্ত্রীর কার্যালয়ের এটুআই প্রোগ্রামের মাধ্যমে ভূমি সংস্কার বোর্ড কর্তৃক প্রস্তুতকৃত E-mutation সফটওয়্যার এবং সেটেলমেন্ট প্রেসে খতিয়ান ডাটা এন্ট্রির জন্য প্রণীত সফটওয়্যার এর সুবিধাসমূহকে নিয়ে ভূমি ব্যবস্থাপনার জন্য একটি এক ও অভিন্ন সফটওয়্যার তৈরীর জন্য সকলের নিকট থেকে প্রস্তাবনা/মতামত কামনা করা হয়। এ জন্য প্রস্তুতকৃত সফটওয়্যারগুলো কর্মশালায় উপস্থাপনের জন্য অনুরোধ করা হয়।

৩। IDLRS: প্রথমেই Integrated Digital Land Record System (IDLRS) সফটওয়্যার প্রস্তুতকারী প্রতিষ্ঠান Business Automation Ltd. এর প্রতিনিধিগণ তাদের সফটওয়্যারের বৈশিষ্ট্যসমূহ কর্মশালায় উপস্থাপন করেন। এই সফটওয়্যারটি ইউরোপীয় ইউনিয়নের আর্থিক ও কারিগরি সহায়তার অ্যাকসেস টু ল্যান্ড অ্যান্ড প্রপার্টি রাইটস ফর অল সিটিজেনস অব বাংলাদেশ প্রকল্পের মাধ্যমে প্রস্তুত করা হয়েছে। এই সফটওয়্যারে এসি (ল্যান্ড) অফিস, ইউনিয়ন ভূমি অফিস, সাবরেজিস্ট্রার অফিস ও উপজেলা সেটেলমেন্ট অফিসকে কাভারেজ দেওয়া হয়েছে। অনলাইন আবেদনে মিউটেশন সেবা প্রদান ছাড়াও, সাবরেজিস্ট্রারের অফিস থেকে এলটি নোটিশ ও দলিলের এক্সট্রাক্ট কপি এসি (ল্যান্ড) অফিসে প্রেরণের ব্যবস্থাও এই সফটওয়্যারে রাখা আছে। এছাড়া ভূমি জরিপের মাধ্যমে প্রস্তুতকৃত ম্যাপ ও খতিয়ানের অনলাইন এন্ট্রি এবং প্রদর্শনের ব্যবস্থা রয়েছে। নির্মানকারী প্রতিষ্ঠানটি সফটওয়্যারটির কারিগরি দিক সম্পর্কে নিম্নোক্ত বিষয়াদি তুলে ধরেন:

এ সফটওয়্যারের মূল বৈশিষ্ট্যগুলো নিম্নরূপ:

- সফটওয়্যারটি ২টি অংশে বিভক্ত যেমন: ভূমি ব্যবস্থাপনা অংশ ও ভূমি জরিপ অংশ।
- ভূমি ব্যবস্থাপনা অংশে ভূমি সংশ্লিষ্ট উপজেলা ভূমি অফিস, উপজেলা সেটেলমেন্ট অফিস ও উপজেলা সাবরেজিস্ট্রার অফিসের মধ্যে কানেকটিভিটি স্থাপন করা হয়েছে এবং ভূমি জরিপ অংশে চলমান ভূমি জরিপের খতিয়ান ডাটা ও মৌজা ম্যাপ এন্ট্রি ও আপলোডের ব্যবস্থা রয়েছে।
- যশোর জেলার মণিরামপুর উপজেলার পৌর ভূমি অফিস ও উপজেলা সদর থেকে ১৫ কিমি দূরে দুটি ইউনিয়ন মিলে ১টি ভূমি অফিসের সঙ্গে টেলিকম টাওয়ার বসিয়ে অনলাইন কানেকটিভিটি স্থাপন করা হয়েছে।
- ভূমি মালিকগণ সরাসরি আবেদন করলে এসি (ল্যান্ড) তাঁর নিজ অফিস ও ইউনিয়ন ভূমি অফিসের অনলাইন কানেকটিভিটি ব্যবহার করে দ্রুত মিউটেশন সেবা প্রদান করতে পারেন। অন্যদিকে সাব-রেজিস্ট্রার অফিসে জমি হস্তান্তর দলিল সম্পনের পর সাব-রেজিস্ট্রার অনলাইনে রেজিস্ট্রিকৃত দলিলের স্ক্যান কপি ও এলাটি নোটিশের কপি এসি (ল্যান্ড) অফিসে প্রেরণ করতে পারেন এবং উক্ত দলিলের ভিত্তিতে এসি (ল্যান্ড) মিউটেশন কার্যক্রম গ্রহণ করতে পারবেন।
- জামালপুর সদর উপজেলায় IDLRS সফটওয়্যার ব্যবহার করে সেটেলমেন্ট ডাটা এন্ট্রির কাজ শুরু করা হয়েছে।
- অ্যাপ্লিকেশনটি "বাংলা" ভাষায় প্রণয়নকৃত।
- IDLRS প্রবর্তন করার ম্যানুয়াল শ্রমসাপ্য সিস্টেম প্রতিস্থাপিত হয়েছে।
- এর ফলে একটি মিউটেশন সম্পূর্ণ করার জন্য স্বল্প সময়ের প্রয়োজন হয়।
- প্রতিদিন খতিয়ান সম্পাদনের সংখ্যা বৃদ্ধি ঘটে।
- সেবাগ্রহীতাকে বারংবার অফিসে আসতে হয় না।
- যেহেতু সকল রিপোর্ট ইলেক্ট্রনিক পদ্ধতিতে স্থানান্তরিত হয়, সেহেতু ইউনিয়ন সহকারী ভূমি অফিসার (ইউএলএও)- কে এসি (ল্যান্ড) অফিসে নামজারী কার্যক্রমের জন্য আসতে হয় না।
- সর্বনিম্ন সময়ে সাব রেজিস্ট্রি অফিস এলাটি নোটিশ এসি (ল্যান্ড) অফিসে প্রেরণ করতে পারেন।
- উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ অনলাইনে রিপোর্ট দেখতে পারেন ফলে জবাবদিহিতা নিশ্চিত হয়।
- এসি (ল্যান্ড) অফিসে মাসিক মিউটেশনের সংখ্যা বৃদ্ধি হচ্ছে।
- প্রতিষ্ঠিত ধারণার আলোকে প্রস্তাবিত ইন্টিগ্রেটেড ডিজিটাল ভূমি রেকর্ড সিস্টেম-IDLRS মূলত কম্পিউটার ইনফরমেশন সিস্টেমের একটি অ্যাপ্লিকেশন, যার মাধ্যমে ভূমি রেকর্ড প্রস্তুত ও রক্ষণাবেক্ষণ করা সম্ভবপর হয়।
- বিদ্যমান ভূমি ব্যবস্থাপনা প্র্যাকটিস এবং IDLRS প্যাকেজের উন্নত কার্যকারিতার আলোকে সহজে ব্যবহারযোগ্য এবং ফটোগ্রাফিক তথ্য প্রক্রিয়াকরণ সিস্টেম।
- এই সিস্টেমে উপজেলাভিত্তিক ভূমিপ্রশাসন ব্যবস্থা বিবেচনা করে বিভিন্ন মডিউল এবং কাংশনকে একীভূত ও পুনর্বিদ্যমান করা হয়েছে।

- বর্তমান IDLRS সফটওয়্যার সিস্টেম পূর্বে ব্যবহৃত ভূমি ব্যবস্থাপনা, পরিবর্তিত মডিউল এবং নতুন যোগকৃত ফাংশনের একটি সংকলিত সিস্টেম।
- IDLRS সফটওয়্যার প্যাকেজিং ভূমিপ্রশাসন ধারণার উপর উপজেলাভিত্তিক একটি স্বয়ংসম্পূর্ণ পদ্ধতি হিসেবে নির্মাণ করা হয়েছে এবং IDLRS এর ফাংশনসমূহ ডেভেলপের ক্ষেত্রে বর্তমান state-of-the-art সফটওয়্যার প্রযুক্তি ও পদ্ধতি প্রয়োগ করা হয়েছে।
- IDLRS সফটওয়্যার অ্যাপ্লিকেশনটি উইন্ডোজ 8, 10 ক্লায়েন্ট-সার্ভার প্ল্যাটফর্মের আন্ডারে ডেভেলপ করা হয়েছে, যেখানে PostgreSQL ডাটাবেইজ ইন্ডিন ব্যবহার করা হয়েছে। এখানে ক্লায়েন্ট এবং সার্ভার অ্যাপ্লিকেশন উভয়ক্ষেত্রে ইউজার ইন্টারফেস Grails এবং Geo-Server ব্যবহার করে ডেভেলপ করা হয়েছে।
- IDLRS সফটওয়্যার প্যাকেজের ডেভেলপমেন্টের ক্ষেত্রে প্রচলিত পদ্ধতিতে ডকুমেন্টেশন করা হয়েছে। এই সব সোর্স কোড বর্ণনা এবং সোর্স কোড এর নিজ নিজ অংশ প্রয়োজনীয় সকল ব্যাখ্যা বিস্তারিতভাবে উল্লেখ করা হয়েছে। এই ডিজিটাল ডকুমেন্টেশন IDLRS সিস্টেমে ভবিষ্যতে পরিবর্তনের এবং সিস্টেমের আপগ্রেডেশনের জন্য উপযোগী করে প্রস্তুত করা হয়েছে।
- এছাড়াও একটি ইউজার ম্যানুয়াল প্রস্তুত করা হয়েছে, যেখানে ভূমি রেকর্ড তৈরী এবং রক্ষণাবেক্ষণের সকল কার্যাবলী ধাপে ধাপে বর্ণিত হয়েছে।
- উক্ত ইউজার ম্যানুয়াল শুধুমাত্র সিস্টেম ব্যবহারকারীগণকেই নয়, সিস্টেমের কোনও পরিবর্তন ও বর্ধিতকরণের ক্ষেত্রেও রেফারেন্স ডকুমেন্ট হিসেবে প্রোগ্রামারদের জন্য খুবই সহায়ক হবে।
- আবেদন জমা দেওয়ার পর, আবেদনকারীকে আবেদনপত্রের সংক্ষিপ্ত বিবরণ এবং সম্ভাব্য শুনামির তারিখসহ একটি রশিদ দেওয়া যাবে।
- একটি আবেদনপত্রে নির্ধারিত জমির বিবরণ উল্লেখ করার ব্যবস্থা রাখা হয়েছে।
- খতিয়ান নম্বর অবশ্যই একটি নির্ধারিত প্রকৃতির খতিয়ানের মধ্যে রাখা হয়েছে।
- খতিয়ান প্রকৃতি নির্বাচনের সঙ্গে সঙ্গে সংশ্লিষ্ট খতিয়ান নম্বরের ফিল্ডের রং পরিবর্তনের মাধ্যমে ব্যবহারকারীর দৃষ্টি আকর্ষণ করবে।
- জমির পরিমাণের জন্য দুটি ভিন্ন ফিল্ডের অধীনে ব্যবস্থা করা হয়েছে।
- একই আবেদনপত্রে একই মৌজার মধ্যে একাধিক পার্শেলের তথ্য সংযোজনের ব্যবস্থা করা হয়েছে।
- প্রতিটি আবেদনপত্রের সঙ্গে বিভিন্ন ধরনের ডকুমেন্ট সংযুক্ত করার ব্যবস্থা রয়েছে।
- যে ডকুমেন্ট আপলোড করা হবে, তার দলিল নম্বর নির্বাচন করার ব্যবস্থা রয়েছে।
- কন্টেন্ট আপলোড করা যায়।
- ব্যবহারকারী প্রয়োজনে তথ্য সম্পাদনা করতে পারবেন।
- প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহারকারী আবেদনপত্রের কিছু অতিরিক্ত তথ্য প্রদান করতে পারবেন।

- ব্যবহারকারী প্রয়োজনে সফর আপলোড করতে পারবেন।
- ত্রুটিমুক্তভাবে সকল বিস্তারিত তথ্য প্রদান করা হলে ব্যবহারকারী উক্ত আবেদনপত্রটি জমা করতে পারবেন।
- ব্যবহারকারী আবেদনপত্রের একটি মুদ্রিত সংস্করণ সংরক্ষণ করতে পারবেন এবং সম্পূর্ণ আবেদনপত্রটি এই অপশন থেকে প্রিন্ট করতে পারবেন।
- আবেদনপত্র জমাকরণের পরে ব্যবহারকারী উক্ত আবেদনপত্রের বিস্তারিত তথ্যসহ একটি রসিদ পাবেন।

সেটেলমেন্ট অফিসের জন্য আলাদা সিস্টেম চালু করা হয়েছে, যার মধ্যে নিম্নলিখিত বৈশিষ্ট্যগুলি বিদ্যমান:

- ম্যাপ প্রিন্টিং।
- ম্যাপ আপলোড।
- মৌজা ম্যাপে জমির অবস্থান।
- চৌহদ্দি ম্যাপ - চৌহদ্দি ম্যাপ নির্ণয় এবং প্রিন্ট নেয়া যা খতিয়ানের সঙ্গে সংযুক্ত করা যায়।
- মৌজার ফিরিস্তি - মৌজার মোট খতিয়ান, মোট ছোট খতিয়ান, মোট বাট্টা খতিয়ান, মোট হাল দাগ, মোট ছোট / হাল দাগ, মোট বাট্টা / হাল দাগ নির্ণয়।
- দাগের সূচী ও হালসাবেক ফরম - মৌজার মোট হাল (দাগ, জমির পরিমাণ, খতিয়ান) এবং সাবেক (দাগ, জমির পরিমাণ, খতিয়ান)।
- সাধারণের ব্যবহার্য জমির তালিকা – মৌজা ভিত্তিক যে সকল জমি জনসাধারণের ব্যবহার্য (দাগ নং, খতিয়ান নং, জমির পরিমাণ, জমির শ্রেণি, যে প্রকারের সাধারণের ব্যবহার্য তার বিবরণ)।
- ৬ নং কলামে মোট জমির পরিমাণের ভুল - দাগ এবং খতিয়ানভিত্তিক জমির মোট পরিমাণের ভুল নির্ণয় (দাগ, খতিয়ান, মোট জমি, জমির অংশ, জমির পরিমাণ)।

৪। DLMS: এশীয় উন্নয়ন ব্যাংকের আর্থিক সহায়তায় ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর কর্তৃক ০৭টি জেলার ৪৫টি উপজেলার ৪৬টি ভূমি অফিসে বাস্তবায়িত Digital Land Management System (DLMS) প্রকল্পের মাধ্যমে প্রকল্প এলাকার মৌজা ম্যাপ ও খতিয়ান স্ক্যান, সর্বশেষ মৌজা ম্যাপ ভেক্টরাইজ এবং সর্বশেষ প্রকাশিত খতিয়ান ও মিউটেশন খতিয়ানসমূহের তথ্য এন্ট্রি করা হয়েছে। প্রকল্পে নিয়োজিত ঠিকাদারী প্রতিষ্ঠান IL&FS Technologies Ltd. India এর বাংলাদেশস্থ প্রতিনিধি সভায় সফটওয়্যারটি উপস্থাপন করেন। এই সফটওয়্যারের মাধ্যমে অনলাইনে নামজারীকরণ, নামজারীর সাথে প্রয়োজনে মৌজা নকশা হালনাগাদকরণ, জেলা রেকর্ডরুম হতে মৌজা ম্যাপ ও খতিয়ান সরবরাহ ব্যবস্থা প্রবর্তিত হয়েছে কিন্তু ইউনিয়ন ভূমি অফিস ও সাবরেজিস্ট্রার অফিস সংযুক্ত নয়। ম্যাপ ভেক্টরাইজ করা হলেও জিওরেফারেন্সিং করা হয়নি। তবে ভবিষ্যত প্রয়োজনে এ সফটওয়্যারের মাধ্যমে ম্যাপ জিওরেফারেন্সিং, ইউনিয়ন ভূমি অফিস ও সাবরেজিস্ট্রার অফিস সংযোগ করার জন্য ব্যবস্থা রাখা হয়েছে। এ সফটওয়্যারের বৈশিষ্ট্যগুলো নিম্নরূপ:

DLMS অ্যাপ্লিকেশনের বৈশিষ্ট্যসমূহ:

- এটি “বাংলা” ভাষায় প্রণয়নকৃত।
- উপজেলা পর্যায়ে খতিয়ান ও প্রট ম্যাপের কপি প্রিন্ট এবং সরবরাহের ব্যবস্থা।
- জেলা পর্যায়ে মৌজা ম্যাপের কপি প্রিন্ট এবং সরবরাহের ব্যবস্থা।
- প্রতীক থেকে মালিকের অংশ অটোমেটিক ক্যালকুলেশন ব্যবস্থা।
- এ সিস্টেমের মাধ্যমে প্রবৃত্ত এলাকার চেয়ে বেশি জমি বিক্রয় সম্ভব নয়, যা অটো চেকের মাধ্যমে ১০০% নিশ্চিত করা হয়েছে।
- মিউটেশনের আবেদনের ক্ষেত্রে খাস জমি ব্লক করে রাখা রয়েছে।
- এখামিক (মান্টিপল) খতিয়ানের জমা খারিজের আবেদন গ্রহণ ও সম্পাদনের ক্ষমতা।
- নামজারী আবেদন প্রক্রিয়ার জন্য এনআইডি নং/বার্থ-সার্টিফিকেট নং বাধ্যতামূলক করা হয়েছে, যা পরবর্তীতে সহজে ন্যাশনাল ডাটা সেন্টারের সঙ্গে সংযুক্ত করা সম্ভব হবে।
- অথেন্টিকেশনের জন্য “ডিএলএমএস সফটওয়্যার” সকল প্রকার বায়োমেট্রিক এবং ফটোগ্রাফ ডিভাইস সমন্বিত করতে সক্ষম।
- মালিকানার ইতিহাস যাচাই এর জন্য পূর্ববর্তী খতিয়ানের সঙ্গে সংযোগ স্থাপনের উপযোগী করা হয়েছে।
- নামজারির কার্যধারার মধ্যে তহসিলদারের ভূমিকা অন্তর্ভুক্ত করা হয়েছে।
- জমির অংশ বন্টন শতকরা অথবা শতকে (যে কোন একটির মাধ্যমে) করা সম্ভব।
- ম্যাপ এবং খতিয়ানের তথ্যগুলি মিউটেশনের মাধ্যমে আপডেট করা সম্ভব।
- খতিয়ানের ভুল সংশোধনের জন্য “ডাটা সংশোধন” মডিউল সংযুক্ত করা হয়েছে।
- জমির সীমা/পরিধি পরিবর্তন হলে তা সমন্বয়/অন্তর্ভুক্ত করণের মাধ্যমে হালকরণের সুবিধা।
- জমা খারিজের পরে উপজেলা পর্যায়ে খতিয়ান এবং খতিয়ান ম্যাপের কপি সরবরাহের ক্ষমতা।
- উপজেলা, জেলা, ডাটা সেন্টার এবং ডিজিটাল রিকর্ডারী সেন্টার পর্যন্ত রিয়েল-টাইম তথ্য আদান-প্রদান।
- MIS রিপোর্ট প্রণয়ন, সংরক্ষণ ও হালনাগাদকরণ।
- ভবিষ্যতে অতিরিক্ত মডিউল অন্তর্ভুক্ত করার সুবিধা।
- অপেক্ষমান কমপ্লেক্সে গুরুত্ব অনুসারে সংশ্লিষ্ট ব্যবহারকারীদের ড্যাশবোর্ডে বিভিন্ন কালার দ্বারা হাইলাইট করা হয়েছে।
- দাগ নাম্বার, খতিয়ান নাম্বার বা মালিকের নাম দ্বারা খতিয়ান অনুসন্ধান ব্যবস্থা রয়েছে।
- অনলাইনে ফিস পরিশোধের জন্য পেমেন্ট গেটওয়ের মাধ্যমে অনলাইনেও ফিস পরিশোধ করা সম্ভবপর; এই ব্যবস্থা রয়েছে।
- ডিএলএমএস সফটওয়্যার সকল প্রকার খতিয়ান নিয়ে কাজ করতে সক্ষম (যেমনঃ CS, SA, RS, BS এবং Mutated). অর্থাৎ সব রেকর্ডের খতিয়ান টেমপ্লেট-এর সুবিধা এতে রয়েছে।
- অর্ডারশিট, নোটিশ এবং নামজারিকৃত খতিয়ানের স্ট্রাকচার ফরমেট ব্যবহার করা হয়েছে।

৫। Land Information Service Framework :

প্রধানমন্ত্রীর কার্যালয় হতে বাস্তবায়নধীন এটুআই প্রকল্পের অধীনে LISF সফটওয়্যার প্রতিষ্ঠা করা হয়েছে। সফটওয়্যারটির বৈশিষ্ট্যসমূহ এটুআই প্রকল্পের আইটি বিভাগের কর্মকর্তা জনাব মোহাম্মাদ আরফি এলাহি, আইটি ম্যানেজার, কর্তৃক সেমিনারে উপস্থাপন করা হয়। সফটওয়্যারটিতে অনলাইন মিউটেশন ব্যবস্থার প্রবর্তন, খতিয়ান সরবরাহ, তথ্য সংরক্ষণ ইত্যাদি থাকলেও ম্যাপ সংরক্ষণের ব্যবস্থা নেই। এ পর্যন্ত ৫২টি জেলার ১১২টি উপজেলা/সার্কেলে নামজারী ব্যবস্থা প্রবর্তন করা হয়েছে, এতে ইউনিয়ন ভূমি অফিস হতে ভূমি মন্ত্রণালয় পর্যন্ত সংযুক্ত ও অনলাইনে নাগরিক আবেদনপত্র গ্রহণ, ৫৩টি জেলার প্রায় ১ কোটি আরএস খতিয়ান অনলাইনে প্রদর্শন ও আবেদন গ্রহণ, ওয়েব ও মোবাইল ভার্সনে উত্তরাধিকার

ক্যালকুলেটর চালু করা হয়েছে নর্মে জানানো হয়। The Open Group, India কর্তৃক এ ব্যবস্থা আন্তর্জাতিক স্বীকৃতি লাভ করেছে।

LISF main features:

- Service Registration
- System integration
- Data exchange & ETL
- Service integration (citizen & officer)
- SSO & Credential management
- Integrated Payment System (NID linked)
- Integration with e-Nothi & Bangladesh Service Application Platform

Benefits: Government Perspective:

- ▶ Reduce management overhead and cost of services
- ▶ Better Land administration through central control by distributed management.
- ▶ Reduce service processing time
- ▶ Efficient and collaborative management with private sector

Benefits: Citizen perspective:

- ▶ Reduce Time, cost of services and number of visits.
- ▶ Single access to multiple system on single platform
- ▶ Single payment access system (NID linked)

৬। এতদ্ব্যতীত ভূমি সংস্কার বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন ই- মিউটেশন (e-mutation) সফটওয়্যার, খতিয়ান ডাটাবেজ (KDB) ও ডিজিটাল রেকর্ড রুম সফটওয়্যার (DRR) নিয়েও সেমিনারে আলোচনা হয়। বর্তমানে ১২০টি উপজেলায় ই-মিউটেশন কার্যক্রম চালু আছে। বাংলাদেশে মোট ৫০৭টি উপজেলা ভূমি অফিসের মধ্যে ২৬০টি উপজেলায় ই-মিউটেশন ব্যবস্থা জুন ২০১৮ সালের মধ্যে বাস্তবায়ন করা হবে। ২০১৯ সালে সকল ভূমি সেবা এর সাথে যুক্ত করা হবে।

ই-নামজারি সিস্টেমের সুবিধাসমূহ:

- অনলাইনে নাগরিক আবেদন
- উপজেলা ভূমি অফিস, সাব-রেজিস্ট্রার অফিস ও সেটেলমেন্ট অফিস সমন্বিত
- খতিয়ান ইউনিয়ন ভূমি অফিস, সাবরেজিস্ট্রার অফিস, সেটেলমেন্ট অফিস ও রেকর্ড রুমে প্রেরণ
- ন্যাশনাল ডাটা সেন্টারে হোস্টেড, সরকারী ক্লাউড-এর সাথে সমন্বিত
- কেন্দ্রীয় এডভান্সড মনিটরিং ব্যবস্থা

ই-নামজারি সিস্টেমের ফিচারসমূহ:

- অফিস কাঠামো তৈরি থাকায় দ্রুত অফিস সম্প্রসারণ করা যায়।
- LISF উপযোগী এবং সংযুক্ত

- সরকারি আর্কিটেকচারের যেকোনো সফটওয়্যার-এর সাথে সমন্বয়যোগ্য
- RS-K সিস্টেমের সাথে সমন্বিত
- OISF (ই-নথি)-এর সাথে সমন্বিত
- সরকারি VPN Compatible
- লোড টেস্ট, সিকিউরিটি টেস্টে উত্তীর্ণ ও 3F সিকিউরিটি
- SSL (Secured Socket Layer)
- Geospatial Data Compatible
- ব্যবহারকারীর সুবিধানুযায়ী পরিবর্তনযোগ্য

নাগরিকদের সুবিধা:

- যেকোনো স্থান থেকে অনলাইনে আবেদন দাখিল
- মোবাইল ও অনলাইন পেমেন্ট
- মামলার ০৫টি গুরে নোটিফিকেশন (এসএমএস/ই-মেইল)
- মামলার যেকোনো পর্যয়ে ট্র্যাকিং করা যায়
- মামলার যেকোনো পর্যয়ে প্রয়োজনীয় দস্তলাদি সংযুক্ত করা যায়
- মামলার প্রয়োজনীয় ফি-এর পরিমাণ নোটিফিকেশনের মাধ্যমে অবহিত

সহকারী কমিশনার (ভূমি):

- শুনানীব্যতীত সকল কার্যক্রম অনলাইনে সম্পাদন করতে পারেন
- অর্ডারশিট প্রস্তুত এবং সম্পাদন
- স্বয়ংক্রিয়ভাবে নির্দিষ্ট ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তার নিকট নথি প্রেরণ
- ইউনিয়ন অনুযায়ী মামলার নথি খুঁজে পাওয়ার সুযোগ
- LISF-এর সাথে সমন্বিত থাকায় ডাটাবেজ থেকে তথ্য যাচাই
- শুনানির নোটিশ স্বয়ংক্রিয়ভাবে প্রস্তুত, সম্পাদন এবং নোটিফিকেশন প্রেরন
- নথিসমূহ আর্কাইভে সংরক্ষিত ও নথি সহজে খুঁজে পাওয়া যায়
- রেজিস্টারে প্রতিটি মামলার তথ্য খুঁজে পাওয়া যায়
- স্বয়ংক্রিয় রেকর্ড সংশোধন করা যায়

ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা:

- অনলাইনে সকল কার্যক্রম সম্পাদন করতে পারেন
- অনলাইনে সহকারী কমিশনার (ভূমি)-এর আদেশ ও নথি প্রাপ্তি
- স্বয়ংক্রিয়ভাবে স্বল্প সময়ে ও ত্রুটিহীনভাবে প্রস্তাব, প্রতিবেদন ও খতিয়ান প্রস্তুত
- অনলাইনে সহকারী কমিশনার (ভূমি) বরাবর প্রস্তাব, প্রতিবেদন ও খসড়া খতিয়ান প্রেরণ
- নির্দিষ্ট সময়সীমার মধ্যে প্রস্তাব/প্রতিবেদন প্রেরণ নিশ্চিতকরণ
- LISF-এর সাথে সমন্বিত থাকায় ডাটাবেজ থেকে তথ্য যাচাই

সার্ভেয়ার/পানুনগো:

- নথিতে প্রয়োজনীয় কাগজপত্র সংযুক্ত করা

- স্বয়ংক্রিয়ভাবে প্রতিবেদন প্রস্তুত
- প্রস্তাব ও খতিয়ানে সত্যামত প্রদান
- কলমি/চিটা নক্সা নথির সাথে সংযুক্তকরণ

অফিস সহকারী:

- আবেদন প্রাথমিক যাচাইঅন্তে গ্রহণযোগ্য/অপেক্ষমান/বাতিলযোগ্য প্রস্তাব
- নোটিস স্বয়ংক্রিয়ভাবে প্রস্তুত এবং নোটিফিকেশন প্রেরণ
- জারিকৃত নোটিস ও হাজিরা নথিতে সংযুক্তকরণ

অফিস সহকারী কাম নাজির-কাম-ক্যাশিয়ার:

- অফিসে প্রাপ্ত সকল ডিসিআর-এর তথ্য সিস্টেমে আপলোডকরণ
- ডিসিআর প্রদান সম্পর্কিত তথ্য সিস্টেমে আপলোড
- ডিসিআর-এর মাধ্যমে প্রয়োজনীয় ফি প্রদানব্যতীত খতিয়ান বিতরণ করা যায় না

সাব-রেজিস্ট্রারের অফিস:

- ইউজার আইডি ও পাসওয়ার্ড ব্যবহার করে দাখিলকৃত নামজারি খতিয়ান যাচাই
- এলাটি নোটিশ এন্ট্রি ও স্বয়ংক্রিয় পদ্ধতিতে যথাসময়ে উপজেলা ভূমি অফিসে প্রেরণ করা
- ড্যাসবোর্ডের মাধ্যমে এলাটি নোটিস প্রেরণ কার্যক্রম তদারকি

সেটেলমেন্ট অফিস:

- ইউজার আইডি ও পাসওয়ার্ড ব্যবহার করে নামজারি খতিয়ান দেখা ও কার্যক্রম গ্রহণ
- জরিপের সময় সকল নামজারি খতিয়ান স্বয়ংক্রিয়ভাবে ব্যবহার করার সুযোগ

জেলা রেকর্ডরুম:

- অনলাইনে উপজেলা ভূমি অফিস থেকে সরাসরি খতিয়ান চলে আসে
- ইউজার আইডি ও পাসওয়ার্ড ব্যবহার করে উপজেলা ওয়ারী খতিয়ান দেখা ও কার্যক্রম গ্রহণ

এ ছাড়াও ই-মিউটেশনে মোবাইল এ্যাপ্লিকেশন তৈরী করা হয়েছে, যার ফলে অনেক ব্যস্ততার মাঝেও সহকারী কমিশনার(ভূমি) মিউটেশন সংক্রান্ত কার্যক্রম যে কোন স্থান থেকে মনিটরিং ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে পারবেন।

সম্পাদিত কার্যক্রম:

- ভূমি সংস্কার বোর্ড কর্তৃক প্রতিটি উপজেলা ও ইউনিয়ন ভূমি অফিসে হার্ডওয়্যার সরবরাহ
- এটুআই কর্তৃক প্রশিক্ষণের জন্য অর্থ ও কারিগরি সহায়তা
- ভূমি সংস্কার বোর্ড ও এটুআই এর যৌথ ব্যবস্থাপনায় প্রশিক্ষণ প্রদান/বাস্তবায়ন
- ভূমি মন্ত্রণালয় কর্তৃক নীতি-নির্দেশনা প্রদান।

Virtual Record Room:

- Virtual Record Room Portal
 - VRR Public Dashboard
 - Instant Record Validity Check
 - Login for Online Service Account
 - Web Application for Services
 - ✧ New Application for e-Porcha
 - ✧ Payment Options
- Online Service Account
 - Citizen Profile and Change Password
 - Application Forms
 - Application Status
 - Received Land Record's Certificates Copy
 - Notifications

৬। ভূমি সংস্কার বোর্ডের চেয়ারম্যান উল্লেখিত সফটওয়্যারসমূহের মধ্যে মিল ও অমিল খুঁজে বের করতে নিয়োজিত ছকাকারে তথ্য সমীচেষ্টা প্রয়োজন সঠিক উল্লেখ করেন:

সফটওয়্যার	সাধারণ বৈশিষ্ট্য	স্বতন্ত্র বৈশিষ্ট্য	ম্যাপ সংযুক্ত আছে কিনা?	খতিয়ান সংযুক্ত আছে কিনা?
১। IDLRS				
২। DLMS				
৩। DRR				
৪। KDB				
৫। e-mutation				

৭। প্রধানমন্ত্রীর কার্যালয়ের এটুআই এর পরিচালক (এনাবলিং এনভায়রনমেন্ট) (দলনেতা, ই-সার্ভিস) কর্মশালায় জানান যে, ডিজিটাইজেশন হলে ভূমি ব্যবস্থাপনায় স্বচ্ছতা আসবে। এর জন্য একটি Platform থেকে সবগুলো বাস্তবায়ন করা, সব গোষ্ঠীগুলো একত্রে নিয়ে আসা, প্রতিটি সফটওয়্যারের ভাল দিকগুলো গ্রহণ করা যায়। এ ছাড়া সফটওয়্যারগুলো পর্যবেক্ষণের জন্য একটি টেকনিক্যাল কমিটি গঠনের জন্যও তিনি প্রস্তাব করেন।

৮। প্রধানমন্ত্রীর কার্যালয়ের অধীন এটুআই এর পরিচালক(ই-সার্ভিস) (দলনেতা, ইনোভেশন) বিভিন্ন সিস্টেমকে সমন্বিত করা ও এগুটি কমিটি গঠন করার বিষয়ে মতামত ব্যক্ত করেন।

৯। এ ছাড়াও বিজনেস অটোমেশন-এর সিইও এবং সফট বিডি লিঃ-এর প্রতিনিধি সভায় বক্তব্য রাখেন। পরিচালক, বিজনেস অটোমেশন বলেন যে, এখনজন ভূমি মালিক হিসেবে আমরা যেন খুব সহজেই সেবা পেতে এবং বুঝতে পারি যে, এই সমন্বিত সফটওয়্যারটি User-friendly হতে হবে। উপস্থাপিত ফিচারগুলো আরও সহজ করতে হবে। এটা মনে রাখতে হবে যে, আমরা কেউ কারও প্রতিপক্ষ নই।

১০। সভায় সমন্বিত Platform এর জন্য নিয়োজিত বিষয়গুলো অন্তর্ভুক্ত করার প্রস্তাবনা দেয়া হয়:

১) Document সমূহ অনলাইনে সাপ্লাই দিতে হবে Security Mark সহ।

২) যে কোন ই-ডাউচার ইউজার কর্তৃক ব্যবহার করে খতিয়ান ও নকশা নিজে নিজেই যাতে নিতে পারে।

- ৩) Land Appeal Board ও অন্যান্য আপীল আদালতকে এই সিস্টেমের অন্তর্ভুক্ত করতে হবে।
- ৪) ভূমি অধিগ্রহণের তথ্যাবলী Include করতে হবে।
- ৫) সায়ারাত মহলা, খাস জমি, হাট-বাজার ব্যবস্থাপনাসহ সব ধরনের ভূমি ব্যবস্থাপনা কার্যক্রম এর অন্তর্ভুক্ত করতে হবে।
- ৬) সামগ্রিক ব্যবস্থাপনা পদ্ধতির মাধ্যমে সব ধরনের সার্ভিস নিশ্চিত করতে হবে।
- ৭) ভূমি ব্যবস্থাপনার বিষয়ে পর্যাপ্ত প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ৮) বিভিন্ন আধুনিক যন্ত্রপাতি ব্যবহারের জন্য টেকনিক্যাল প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ৯) প্রতিটি উপজেলায় Digital Map Correction এর ব্যবস্থা করতে হবে। এ জন্য Hardware ও Software এর চাহিদা নিরূপন করে মন্ত্রণালয়ে প্রেরণ ও সহকারী সেটেলমেন্ট অফিসার, উপ সহকারী সেটেলমেন্ট অফিসার, ড্রাফটসম্যানদের প্রশিক্ষণের ব্যবস্থা নিতে হবে;
- ১০) অধিদপ্তর Continuous Survey করবে।

১১। বিস্তারিত আলোচনায় সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

১. বিভিন্ন দপ্তর/প্রকল্প কর্তৃক প্রযুক্তিকৃত ৫টি সফটওয়্যারকে এক প্ল্যাটফর্মের আওতায় এনে অনলাইন মিউটেসন (আবেদন ও এলটি নোটিশ ব্যবহার করে) ব্যবস্থার প্রবর্তন করতে হবে। যাতে অবশ্যই ম্যাপ আপডেটের ব্যবস্থা থাকবে। সাবরেজিস্ট্রার অফিসকে এই সিস্টেমের আওতায় সংযুক্ত করতে হবে।
২. সায়ারাত মহলা, খাস জমি, হাট-বাজার ব্যবস্থাপনাসহ সব ধরনের ভূমি ব্যবস্থাপনা অন্তর্ভুক্ত করতে হবে।
৩. ভূমি মন্ত্রণালয় থেকে যাতে জেলা প্রশাসকের কার্যালয়, ভূমি সংস্কার বোর্ড, ভূমি আপীল বোর্ডের কার্যক্রমও সমন্বয় করা যায় তা এ সিস্টেম সফটওয়্যারে অন্তর্ভুক্ত থাকবে।
৪. ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর কর্তৃক ডিজিটাল ভূমি জরিপ চলমান থাকবে।
৫. সমন্বিত ডিজিটাল ভূমি ব্যবস্থাপনা বাস্তবায়নের প্রণয়নের জন্য নিয়োক্তভাবে একটি ওয়ার্কিং কমিটি গঠন করা

হ'ল:

- (১) জনাব মো: আব্দুল মান্নান, পরিচালক, এটুআই, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা- আহবায়ক;
- (২) মন্ত্রিপরিষদ বিভাগের একজন প্রতিনিধি, সদস্য;
- (৩) ভূমি আপীল বোর্ডের একজন প্রতিনিধি, সদস্য;
- (৪) আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি, সদস্য;
- (৫) ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের একজন প্রতিনিধি, সদস্য;
- (৬) জনাব এ টি এম আজহারুল ইসলাম, সিনিয়র সহকারী সচিব, ভূমি মন্ত্রণালয়, সদস্য;
- (৭) বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের একজন প্রতিনিধি, সদস্য;
- (৮) Business Automation Ltd. এর একজন প্রতিনিধি, সদস্য;
- (৯) জনাব আতিকুল ইসলাম খান, Soft BD Ltd. সদস্য;
- (১০) জনাব হুমায়ুন কবির, Head of Managed Service, IL&FS Technologies Ltd. সদস্য;
- (১১) জনাব এম আই এম ফরহাদ, জিআইএস স্পেশালিষ্ট, প্রাক্তন Access to Land প্রজেক্ট,

সদস্য,

(১১) উপ ভূমি সংস্কার কমিশনার, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা, সদস্য সচিব।

কমিটির কার্যপরিধি (TOR):

ক) ওয়ার্কিং কমিটি প্রতিটি সফটওয়্যার পর্যবেক্ষণ করে সেগুলোর সুবিধা/অসুবিধা/সীমাবদ্ধতা পর্যালোচনাপূর্বক সার্বিক কার্যক্রমের উপর একটি বিস্তারিত রিপোর্ট প্রদান করবেন এবং উপরের ১-৩ সিদ্ধান্ত বিবেচনায় নিয়ে নিয়োক্ত ছক অনুযায়ী একটি একক ও সমন্বিত সফটওয়্যারের সুপারিশ প্রণয়ন করবেন।

সফটওয়্যার	সাধারণ বৈশিষ্ট	অতন্ত্র বৈশিষ্ট	ম্যাপ সংযুক্ত আছে কিনা?	খতিয়ান সংযুক্ত আছে কিনা?
১। IDLRS				
২। DLMS				
৩। DRR				
৪। KDB				
৫। e-mutation				

- খ) কমিটি আগামী ১ (এক) মাসের মধ্যে বিস্তারিত সুপারিশ সচিব, ভূমি মন্ত্রণালয় বরাবর দাখিল করবেন।
- গ) কমিটিতে যাবতীয় সার্চিবিক সহায়তা প্রদান করবে ভূমি সংস্কার বোর্ড।
- ঘ) ভূমি সংস্কার বোর্ড উক্ত ওয়ার্কিং কমিটির জন্য সিটিং এলাউন্স-এর সংস্থান করবে।
- ঙ) কমিটি প্রয়োজনবোধে যে কোনো সদস্য কো-অপ্ট করতে পারবে।
- ৬। সমন্বিত ডিজিটাল ভূমি ব্যবস্থাপনা বাস্তবায়ন হদারকি ও মনিটরিং এর জন্য নিয়োক্তভাবে একটি কমিটি গঠন করা হলো:

- (১) চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা, সভাপতি;
- (২) সদস্য, ভূমি আপীল বোর্ড, ঢাকা, সদস্য;
- (৩) পরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, ঢাকা, সদস্য;
- (৪) জনাব মোঃ মোস্তাফিজুর রহমান, পরিচালক, এটুআই, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা, সদস্য;
- (৫) অতিরিক্ত সচিব (উন্নয়ন), ভূমি মন্ত্রণালয়, সদস্য সচিব।

কমিটির কার্যপরিধি (TOR): ক) ওয়ার্কিং কমিটির নিকট হতে প্রাপ্ত সুপারিশের আলোকে হদারকি / মনিটরিং কমিটি ১ (এক) মাসের মধ্যে একটি একক ও সমন্বিত সফটওয়্যার বাস্তবায়নের নিমিত্ত Time bound Implementation plan সচিব, ভূমি মন্ত্রণালয় বরাবর দাখিল করবেন।

খ) কমিটি প্রয়োজনবোধে যে কোনো সদস্য কো-অপ্ট করতে পারবে।

১২। সকলের দ্বতস্কৃত ভাংশ গ্রহণে কর্মশালাটি সফলভাবে সমাপ্ত হওয়ায় সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে কর্মশালার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/=

তারিখ: ২৫/০৩/২০১৮ খ্রি:

(মোঃ আব্দুল জলিল)

সচিব

ভূমি মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
পরিকল্পনা ও উন্নয়ন শাখা-১
বাংলাদেশ সচিবালয়, ঢাকা


স্মারক নং-৩১,০৪৭,০১৪,০১,০০,২১-৩ ১০১৮,১৭৮

তারিখ: ২৭-০৩-২০১৮ খ্রী:

বিতরণ: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (দ্রব্যস্বত্বের ক্রমানুসারে নহে)

- ০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ০২। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ০৩। সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ০৪। চেয়ারম্যান, ভূমি সংকর বোর্ড, ১৪২-১৪৩, মতিঝিল বা/এ, ঢাকা;
- ০৫। চেয়ারম্যান, ভূমি আপীল বোর্ড, ১ম ১২ তলা সরকারি অফিস ভবন, সেগুনবাগিচা, ঢাকা;
- ০৬। অতিরিক্ত সচিব (উন্নয়ন), ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ০৭। নির্বাহী পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, শেরে-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা;
- ০৮-১০। পরিচালক (জরিপ/প্রশাসন/ভূমি রেকর্ড), ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা;
- ১১। উপ পরিচালক (সেংগাপাঃ-১), ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা;
- ১২-১৪। উপ পরিচালক (জরিপ, অর্থ ও বাজেট/প্রশাসন), ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা;
- ১৫। প্রকল্প পরিচালক, ডিজিটাল প্ল্যানিং, ভূমি জরিপ ও রেকর্ড প্রকল্প এবং সংরক্ষণ প্রকল্প (১ম পর্যায় কম্পিউটার ইন্ডেক্স অথ এলিট্রনিক মেজা ম্যাপিং এবং যন্ত্রিয়ান), ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ১৬। প্রকল্প পরিচালক (ল্যান্ড ডেভেলপমেন্ট প্রকল্প, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ১৭। জনাব মোঃ গোলাম মওলা, উপ সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ১৮। উপ-প্রধান, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা; ১৭। জোনাল সেটেলমেন্ট অফিসার, ঢাকা;
- ১৯। সেটেলমেন্ট অফিসার, দিয়ারা অপারেশন, ঢাকা;
- ২০। পরিচালক (ই-সার্ভিস) (দলনেতা, ইনোভেশন), এটুআই প্রকল্প, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা;
- ২১। পরিচালক (এনাবলিং এন্ড ডায়ালগ) (দলনেতা, ই-সার্ভিস), এটুআই প্রকল্প, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা;
- ২২। জনাব মোহাম্মদ এনামুল হক, মাসনাল কমসালেন্টস, এটুআই প্রকল্প, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা;
- ২৩। জনাব মোহাম্মদ হারফি আলি, আইটি ম্যানেজার, এটুআই প্রকল্প, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা;
- ২৪। জনাব মোঃ মনিবুল ইসলাম, সেপটি সিস্টেম এ্যানালিস্ট, এটুআই প্রকল্প, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা;
- ২৫। জনাব মোঃ হুমায়ুন কবির, সফটওয়্যার ইঞ্জিনিয়ার, এটুআই প্রকল্প, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা;
- ২৬। জনাব আনাম হারুন ইসলাম উপ সচিব, প্রেস অফিসার, সেটেলমেন্ট প্রেস, তেজগাঁও, ঢাকা;
- ২৭। জনাব অফিসার (সহকারী) ডায়ালগ অফিসার, জোনাল সেটেলমেন্ট অফিস, ঢাকা;
- ২৮। সোনিয়া হাসান, চার্ক অফিসার (সহকারী), ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা;
- ২৯। সিনিয়র সহকারী প্রধান, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ৩০। জনাব এ টি এম আজহারুল ইসলাম, সিনিয়র সহকারী সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ৩১। জনাব শশাঙ্ক শেখর সরকার, সহকারী জরিপ অফিসার, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা;
- ৩২। জনাব মোঃ লুৎফর রহমান, ডিজিটাল ইউনিট, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা;
- ৩৩। জনাব সঞ্জিব কুমার দে, শাখা প্রধান, সেটেলমেন্ট প্রেস, কম্পিউটার শাখা তেজগাঁও, ঢাকা;
- ৩৪। জনাব মোহাম্মদ হুমায়ুন রহমান, ডিজিটাল এন্ড অ্যানালগ সফটওয়্যার ল্যান্ড ডেভেলপমেন্ট প্রকল্প, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ৩৫। জনাব অফিসিয়াল উসমান খান, পপস নির্বাহী কর্মকর্তা SoftBD Ltd, ঢাকা;
- ৩৬। Mr. Harish Kumar, Manager, Operation and Delivery, IL&FS Technologies Ltd. Skylark, Mak 84 House 84, 5th Floor, Block D, Banani, Dhaka;

- ৩৭। Mr. Humayun Kabir, Head of Managed Service, IL&FS Technologies Ltd.
Skylark, Mak 84, House-84, 5th Floor, Block D, Banani, Dhaka;
- ৩৮। Mr. Ahsan Akhter, Manager, Software and GIS Dept, IL&FS Technologies Ltd.
Skylark, Mak 84, House-84, 5th Floor, Block D, Banani, Dhaka;
- ৩৯। Mr. Jahidul Hasan, Managing Director, Business Automation Ltd. STP-1,
BDBL Bhaban, 12, Kawran Bazar, Dhaka;
- ৪০। Mr. Shoeb Anwar Masud, Director, Business Automation Ltd. STP-1, BDBL Bhaban,
12, Kawran Bazar, Dhaka;
- ৪১। Mr. Bazlul Haque Biswas, CEO, Business Automation Ltd. STP-1, BDBL Bhaban,
12, Kawran Bazar, Dhaka;
- ৪২। Mr. Ehsan Uddin Ahmed, System Analyst, Business Automation Ltd. STP-1,
BDBL Bhaban, 12, Kawran Bazar, Dhaka;
- ৪৩। Md. Pervej Hossain, System Support Executive, Business Automation Ltd.
STP 1, BDBL Bhaban, 12, Kawran Bazar, Dhaka;
- ৪৪। Md. Nur-A Alam, Project Manager, Business Automation Ltd. STP-1, BDBL Bhaban,
12, Kawran Bazar, Dhaka;
- ৪৫। Mr. Shahed Iqbal, Head of Enterprise Business, Business Automation Ltd. STP-1,
BDBL Bhaban, 12, Kawran Bazar, Dhaka;
- ৪৬। Mr. M I M Forhad, GIS Specialist, Access to Land project, Dhaka.


(এ. কে. এম. আনিসুর রহমান)
সিনিয়র সহকারী প্রধান
ফোন : ৯৫৭-৭৪১৩

